# ২৬ বাংলাদেশিসহ দুই নৌকা ডুবে লিবিয়া উপকূলে ৪ মরদেহ উদ্ধার



সংগৃহীত ছবি

লিবিয়ার উত্তর-পশ্চিমাঞ্চলীয় আল-খুমস উপকূলে অভিবাসীবাহী দুটি নৌকা ডুবে চারজনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে দেশটির রেড ক্রিসেন্ট। শনিবার (১৫ নভেম্বর) সন্ধ্যায় দেওয়া এক বিবৃতিতে তারা জানায়—বৃহস্পতিবার রাতে উপকূলের কাছে একের পর এক দুটি নৌকা উল্টে যায়।

সংগঠনটির তথ্য অনুযায়ী, প্রথম নৌকাটিতে ছিলেন ২৬ জন বাংলাদেশি অভিবাসী। তাদের মধ্য থেকে চারজনের নিথর দেহ উদ্ধার করা হয়েছে।

দ্বিতীয় নৌকাটিতে ছিলেন ৬৯ জন আরোহী—যাদের মধ্যে দুজন মিসরীয়, ৬৭ জন সুদানি এবং আটজন শিশু।

তবে মোট ৯৫ আরোহীর মধ্যে বাকি ৯১ জনকে জীবিত উদ্ধার করা সম্ভব হয়েছে কিনা—এ বিষয়ে এখনো কোনো নিশ্চিত তথ্য প্রকাশ করেনি রেড ক্রিসেন্ট।

দুর্ঘটনার খবর পাওয়ার পরপরই উদ্ধারকারী দল ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার ও জীবিতদের চিকিৎসা সহায়তা প্রদান করে।

উল্লেখ্য, অবৈধভাবে ইউরোপগামী অভিবাসীদের জন্য লিবিয়া এখনও একটি বড় ট্রানজিট রুট হিসেবে ব্যবহৃত হয়, যা দেশটির প্রশাসনের ওপর বাড়তি চাপ তৈরি করছে।

জাতিসংঘের আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম) জানায়, চলতি বছর মধ্য ভূমধ্যসাগর পাড়ি দেওয়ার পথে ইতোমধ্যে এক হাজারেরও বেশি মানুষের মৃত্যু হয়েছে।

LENS ASIA